

AJKER FARIAD 29-10-2015

# আইনী সহায়তা কেন্দ্র খোলা থাকবে বুধবার ইকফাই-এ নতুন শিক্ষাক্রম

স্টাফ রিপোর্টার, ২৮ অক্টোবর  
১ ২০১৬-১৭ নয়, চলতি শিক্ষাবর্ষ  
(২০১৫-১৬) থেকেই ইকফাই  
বিশ্ববিদ্যালয় ত্রিপুরার জয়নে চালু হচ্ছে  
শিক্ষক শিক্ষণ বিষয়ক নতুন আরেকটি  
কোস। ব্যাচেলর অব এডুকেশন  
(বিশেষ শিক্ষা) নামক দুই বছরের এই  
কোর্সে শারীরিকভাবে প্রতিবন্ধীর  
ছাত্রছাত্রীদের পড়ানোর প্রশিক্ষণ দেওয়া  
হবে। ভারত সরকারের সংস্থা  
রিহ্যাবিলিটেশন কাউন্সিল অব ইন্ডিয়া  
(আরসিআই) বা জাতীয় পুনর্বাসন  
পর্যবেক্ষণের অনুমোদন আজই বিশ্ববিদ্যালয়  
কর্তৃপক্ষের হাতে এসে পৌছেছে। প্রাণ  
অনুমোদন অনুযায়ী এই কোর্সে অনধিক  
ত্রিপ জন ছাত্রছাত্রী ভর্তি হতে পারবে।  
১লা নভেম্বর থেকেই ভর্তি প্রক্রিয়া  
শুরু হবে বলে বিশ্ববিদ্যালয়ের তরফে  
জানানো হয়েছে। সম্ভবত ১০ নভেম্বর  
থেকে ক্লাস শুরু হচ্ছে। প্রসঙ্গত, রাজ্য  
সরকারের সমাজ শিক্ষা ও সমাজ  
কল্যাণ মন্ত্রণালয়ের আগেই নতুন এই কোর্স

চালু করার জন্য ইকফাই  
বিশ্ববিদ্যালয়কে প্রয়োজনীয় ‘নো  
অবজেকশন’ দিয়েছিল। বিশ্ববিদ্যালয়ের  
আবেদন ও রাজ্য সরকারের ‘নো  
অবজেকশন’র মূলে বিগত ২৩  
সেপ্টেম্বর তারিখে জাতীয় পুনর্বাসন  
পর্যবেক্ষণের ২-সদস্যকে পরিদর্শক দল  
ইকফাই বিশ্ববিদ্যালয় ত্রিপুরা  
কামালঘাটস্থিত এবং তত্ত্বাদ্য গড়ে উঠা  
বিভিন্ন পরিকাঠামো সরেজমিনে ঘুরে  
দেখেন। পরিদর্শক দলে ছিলেন পর্যবেক্ষণ  
পূর্বাধারীয় প্রধান ডঃ অশোক চন্দ্রবৰ্তী  
ও ডঃ কিন্দ্র ভূষণ মহাপাত্র। জানিয়ে  
রাখা ভাল, ভারতে শারীরিকভাবে  
প্রতিবন্ধী ছাত্রছাত্রীদের পড়ানোর জন্য  
প্রয়োজনীয় শিক্ষকের দারুণ স্বল্পতা  
রয়েছে। এবিষয়টি মাথায় রেখেই  
সেন্ট্রাল বোর্ড সেকেন্ডারী এডুকেশন  
(সিবিএসই) অতি সম্প্রতি এক বিজ্ঞপ্তি  
জারীর মাধ্যমে সারা দেশে সিবিএসই  
অনুমোদিত সবক'টি বিদ্যালয়ে  
শারীরিকভাবে প্রতিবন্ধীর ছাত্রছাত্রীদের

পড়ানোর যোগ্যতাসম্পন্ন দুজনর  
নিয়ে বাধ্যতামূলক করেছে। এতে  
বিএড (ম্পেশাল এডুকেশন) কোর্সে  
পড়ার আগ্রহ অনেকটাই বেড়েছে।  
এদিকে, বুধবার থেকেই পথচলা-শুরু  
করলো ইকফাই বিশ্ববিদ্যালয় ত্রিপুরার  
আইন সহায়তা কেন্দ্র। এখন থেকে  
সপ্তাহের প্রতি বুধবার সকাল ১০টা  
থেকে বিকেল ৫টা অব্দি এই আইন  
সহায়তা কেন্দ্র খোলা থাকবে।  
লেস্বুড়া, কামালঘাটসহ মোহনপুর  
বিস্তীর্ণ এলাকার জনগণ এই কেন্দ্র  
থেকে আইন বিষয়ক বিভিন্ন পরামর্শ  
ও সহায়তা নিতে পারবেন। প্রসঙ্গত,  
উদ্বেগ, বিগত ২৩ মের ২০১৫  
তারিখে পশ্চিম জেলার দায়রা বিচারক  
সূভায় শিকদার এই আইন সহায়তা  
কেন্দ্রের আনুষ্ঠানিক উদ্বোধন  
করেছিলেন। সম্প্রতি পশ্চিম জেলা  
আইন বিষয়ক কর্তৃপক্ষের তরফে এই  
সহায়তা কেন্দ্র পরিদর্শক ও  
পরিচালনার জন্য অ্যাডভোকেট

সুরজিত ভট্টাচার্যকে মনোনীত করেছে।  
উনাকে আইন বিষয়ক বিভিন্ন কাজে  
প্রয়োজনীয় সহযোগিতার জন্য  
প্রশিক্ষণপ্রাপ্ত দুজন স্বেচ্ছাসেবীকেও  
মনোনয়ন দেওয়া হয়েছে। এরা বলেন  
রূপম মালাকার ও সুকান্ত দেবনাথ।  
ক্যাম্পাসে আইন সহায়তা কেন্দ্রের  
পথচলা প্রসঙ্গে প্রতিক্রিয়া ব্যক্ত করতে  
গিয়ে ইকফাই বিশ্ববিদ্যালয় ত্রিপুরার  
সহ উপচার্য অধ্যাপক বিপ্লব হালদার  
জানান, এই আইন সহায়তা কেন্দ্রে  
সমিকটস্থ এলাকা ছাড়াও দুরদূরাত্মের  
নাগরিকদের আইনী প্রত্যাশা মেটাতে  
সহায় হবে। তিনি বলেন, ২৩ শে  
মে তারিখে আমরা একটা মাইলস্টোন  
পেয়েছিলাম। ২৮ শে অক্টোবর  
২০১৫ তারিখটি ইকফাই  
বিশ্ববিদ্যালয়ের জন্য স্মরণীয় দিন হয়ে  
থাকবে। অধ্যাপক বিপ্লব হালদার  
সংশ্লিষ্ট সকলকে এই আইন সহায়তা  
কেন্দ্র থেকে প্রাপ্য সুযোগ প্রাপ্তি  
আহান জানান।

45 CM.